**UG Course Under C.U. _ CCF -2022 (Implemented from 2023-24)**

# For 4 year Honours / Honours with Research Students

**Discipline Specific Core Major Course–4 (3Th + 1Tu) Credits Each**

| | |
|---|---|
| BNG-H-CC-1-1-Th-Tu | বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রিঃ পর্যন্ত) |
| BNG-H-CC-2-2-Th-Tu | বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা-১ |
| BNG-H-CC-3-3-Th-Tu | বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) |
| BNG-H-CC-4-3-Th-Tu | বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ |
| BNG-H-CC-5-4-Th-Tu | প্রাগাধুনিক বাংলা সাহিত্য-১ |
| BNG-H-CC-6-4-Th-Tu | বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি |
| BNG-H-CC-7-4-Th-Tu | কথাসাহিত্য-১ |
| BNG-H-CC-8-4-Th-Tu | ছন্দ, অলঙ্কার ও প্রবন্ধ |
| BNG-H-CC-9-5-Th-Tu | নাটক ও নাট্যমঞ্চ |
| BNG-H-CC-10-5-Th-Tu | প্রবন্ধ ও বিবিধ রচনা |
| BNG-H-CC-11-5-Th-Tu | ঐতিহাসিক ভাষাবিজ্ঞান |
| BNG-H-CC-12-5-Th-Tu | সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দী) সাহিত্যের ইতিহাস |
| BNG-H-CC-13-6-Th-Tu | আধুনিক বাংলা কাব্য-কবিতা |
| BNG-H-CC-14-6-Th-Tu | লোকসংস্কৃতি ও লোকসাহিত্য |
| BNG-H-CC-15-6-Th-Tu | সাহিত্যের রূপ ও রীতি |
| BNG-H-CC-16-7-Th-Tu | বাংলার সমাজ-সংস্কৃতি ও সাহিত্যের ইতিহাস (প্রাগাধুনিক পর্যায়) |
| BNG-H-CC-17-7-Th-Tu | প্রাগাধুনিক বাংলা সাহিত্য-২ |
| BNG-H-CC-18-7-Th-Tu | চরিত সাহিত্য, আত্মচরিত ও ভ্রমণ সাহিত্য |
| BNG-H-CC-19-7-Th-Tu | বাংলাদেশের সাহিত্য |
| BNG-H-CC-20-7-Th-Tu* | আধুনিক কাব্য-কবিতা ও নাটক |
| BNG-H-CC-21-8-Th-Tu | বর্ণনামূলক ভাষা বিজ্ঞান ও বাংলা ভাষা-২ |
| BNG-H-CC-22-8-Th-Tu | বাংলার সমাজ সংস্কৃতি ও সাহিত্যের ইতিহাস (আধুনিক পর্যায়) |
| BNG-H-CC-23-8-Th-Tu | রবীন্দ্রসাহিত্য |
| BNG-H-CC-24-8-Th-Tu* | কথাসাহিত্য-২ |
| BNG-H-CC-25-8-Th-Tu* | দেশভাগ ও বাংলা সাহিত্য |

[*যে সমস্ত পড়ুয়া গবেষণাপত্র রচনা করবে না বা করার সুযোগ পাবে না তাদের সপ্তম/অষ্টম সেমেস্টারে গবেষণা পত্রের বিকল্পে এই কোর্সগুলি পড়তে হবে।]

**Discipline Specific Minor Course–4 (3Th + Tu) Credits Each**

| For Honours / Major Students | |
|---|---|
| BNG-H-MIN-1-1/3-Th-Tu | বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রিঃ পর্যন্ত) |
| BNG-H-MIN-2-2/4-Th-Tu | বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা-১ |
| BNG-H-MIN-3-5/6-Th-Tu | বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) |
| BNG-H-MIN-4-5/6-Th-Tu | বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ |

**Inter Disciplinary Course (IDC)–3 (2Th + 1Tu) Credits.**

| | |
|---|---|
| BNG-H-IDC-1-1/2/3-Th-Tu | কথাসাহিত্য ও নাটক |

**Discipline Specific Skill Enhancement Couse (SEC)–4 (3Th + 1Tu) Credits Each**

| | |
|---|---|
| BNG-H--SEC-1-1-Th-Tu | মুদ্রণ ও প্রকাশনা |
| BNG-H--SEC-2-2-Th-Tu | ব্যবহারিক বাংলা—১* |
| BNG-H--SEC-3-3-Th-Tu | ব্যবহারিক বাংলা—২ |

***Digital Empowerment** সংক্রান্ত কোর্সটির বিকল্পে এই কোর্সটি করা যাবে।

**Dissertation/Research Work (4+8)=12 Credits.**

যে সমস্ত পড়ুয়া গবেষণা করার জন্য যোগ্য বিবেচিত হবে না বা/এবং যে সমস্ত পড়ুয়া গবেষণাকর্মের যোগ্যতামান অর্জন করা সত্ত্বেও গবেষণা করবে না তাদের সপ্তম সেমেস্টারে **BNG-MAJ-7-20-Th-Tu** এবং অষটম সেমেস্টারে **BNG-MAJ-8-24-Th-Tu** ও **BNG-MAJ-8-25-Th-Tu** কোর্স তিনটি পড়তে হবে।

| | |
|---|---|
| BNG-H--Research Work-1-7-3Th-1Tu | সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান |
| BNG-H--Research Work-2-8-Th-Tu | গবেষণাপত্র নির্মাণ |

# For 3 year MDC Students

**Discipline Specific Minor Course–4 Credits Each**

| | |
|---|---|
| BNG-MD-CC/MIN-1-1/3-Th-Tu | বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাগাধুনিক পর্যায়) |
| BNG-MD-CC/MIN-2-2/4-Th-Tu | বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলাভাষা–১ |
| BNG-MD-CC/MIN-3-3/5-Th-Tu | বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক পর্যায়) |
| BNG-MD-CC/MIN-4-4/5-Th-Tu | বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ |
| BNG-MD-CC/MIN-5-4/5/6-Th-Tu | প্রাগাধুনিক বাংলা সাহিত্য–১ |
| BNG-MD-CC/MIN-6-5/6-Th-Tu | বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা |
| BNG-MD-CC/MIN-7-5/6-Th-Tu | বাংলা কথাসাহিত্য–১ |
| BNG-MD-CC/MIN-8-6Th-Tu | ছন্দ, অলঙ্কার ও প্রবন্ধ |

**Inter Disciplinary Course (IDC)–3 (2Th + 1Tu) Credits.**

| | |
|---|---|
| BNG-MD-IDC-1-1/2/3-Th-Tu | কথাসাহিত্য ও নাটক |

**Discipline Specific Skill Enhancement Couse (SEC)–4 (3Th + 1Tu) Credits Each**

| | |
|---|---|
| BNG-MD-SEC-1-1/2/3-Th-Tu | মুদ্রণ ও প্রকাশনা |

# For All UG (3/4 Years) Students

**Ability Enhancement Compulsory Course (AEC-MIL Bengali)–2 (2Th) Credits**

| | |
|---|---|
| BNG-AEC-1-2-Th | প্রবন্ধ ও পরিভাষা |
| BNG-AEC-2-4-Th | ছোটগল্প ও কবিতা |

**Common Value Added Course (CVAC)–2 (2 Th) Credits.**

| | |
|---|---|
| BNG-CVAC-1-2-Th | রামায়ণ ও মহাভারত |

# Programme Specific Outcome

এই পাঠক্রমে এর আগে প্রচলিত পাঠক্রমের অনেক নীতি পরিবর্তন করা হয়েছে। সাম্মানিক তিন বছর থেকে বাড়িয়ে চার বছর করা এবং গবেষণা প্রক্রিয়াকে স্নাতকস্তরেই নিয়ে আসার মধ্যে পাঠ্যবিষয়কে প্রথম থেকেই অত্যন্ত গভীরভাবে অনুধাবন করার বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয়েছে। তাছাড়া সময়সীমার বৃদ্ধি অনুযায়ী বহু নতুন বিষয় পাঠ্যসূচিতে সংযুক্ত হয়েছে এবং পুরো পাঠক্রমের ক্রেডিটও পূর্বতন CBCS পদ্ধতির তুলনায় বৃদ্ধি পেয়েছে। বৃত্তিমূলক শিক্ষালাভ এবং কোনো কারণে পড়াশুনায় ছেদ পড়লে পরে তা আবার সম্পূর্ণ করার সুযোগ পাওয়ার বিষয়ও এখানে গুরুত্ব পেয়েছে। CBCS এর পাঠক্রমকে মোটামুটি বজায় রেখেই এই নতুন পাঠক্রমটিকে সাজানো হয়েছে। ফলে প্রথম পত্র থেকে তৃতীয় পত্র সাহিত্যের ইতিহাস ও ভাষাতত্ত্বের বিশদ ধারণা নিয়েই পাঠক্রমটি এগিয়েছে।

## সাম্মানিক বাংলা:

### * প্রথম সেমেস্টার -

BNG-H-CC-1-1 - প্রাচীন ও মধ্যযুগীয় সাহিত্যের ইতিহাস পাঠের মাধ্যমে বাংলাভাষা ও সাহিত্যের সাধারণ ধারণা তৈরী হবে।
BNG-H-SEC-1-1 - মুদ্রণ ও প্রকাশনা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা হবে।

### * দ্বিতীয় সেমেস্টার -

BNG-H-CC-2-2 - ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, শব্দভাণ্ডার, ও উপভাষা সম্পর্কিত জ্ঞান সঞ্চয় হবে।
BNG-H-SEC-2-2 - ব্যাবহারিক বাংলা চর্চার সুযোগ পাওয়া যাবে।

### * তৃতীয় সেমেস্টার –

BNG-H-CC-3-3 - ঊনবিংশ শতক থেকে আধুনিক কালের বাংলা সাহিত্যের গতিপ্রকৃতির স্বরূপ জানার অবকাশ আছে।
BNG-H-CC-4-3 - বাংলা কবিতা ছোটগল্প, ও নাটক পাঠ এবং বিশ্লেষণ করে সাহিত্য সম্পর্কিত ধারণা তৈরী হবে।
BNG-H-SEC-3-3 - পেশা হিসেবে নাটক, সিনেমা, বা সিরিয়ালের চিত্রনাট্য, সমালোচনার পদ্ধতি শেখা যাবে। গণমাধ্যমে কাজ করার সুযোগ তৈরী হবে।

### * চতুর্থ সেমেস্টার –

BNG-H-CC-5-4 – মধ্যযুগীয় কাব্য সাহিত্যের সঙ্গে সম্যক পরিচয় হবে।
BNG-H-CC-6-4 – গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান, এবং ভৌতিক গল্প পাঠে ভিন্নধারার সাহিত্যের সঙ্গে পরিচয় ঘটবে।
BNG-H-CC-7-4 – আধুনিক যুগের মানুষের দ্বন্দ্বময় জীবনের ছবি এই পত্রের উপন্যাস ও গল্পের মাধ্যমে স্পষ্ট হয়ে উঠবে।
BNG-H-CC-8-4 – ছন্দ, অলংকার প্রয়োগে সাহিত্যের সৌন্দর্য সৃষ্টি ও প্রবন্ধের যুক্তিনিষ্ঠ গঠনভঙ্গির সঙ্গে পরিচয় হবে।

### * পঞ্চম সেমেস্টার –

BNG-H-CC-9-5 – নাট্যমঞ্চ ও নাটকের বিকাশ, সেই সূত্রে সমাজ বাস্তবতার দর্পণ হিসেবে নাটক পাঠ এই পত্রের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।
BNG-H-CC-10-5 – সমাজ, রাষ্ট্র, শিক্ষা, বিজ্ঞান, ভাষা, সাহিত্য, ধর্ম, দর্শন - সবকিছু নিয়ে চিন্তাঋদ্ধ প্রবন্ধ পাঠে ছাত্রমন পরিণত হয়ে উঠবে - এটাই এই পত্রের লক্ষ্য।
BNG-H-CC-11-5 – ভাষাপরিবারের ধারণা, শাখাপ্রশাখা বিস্তার করে ভাষার কালানুক্রমিক পরিবর্তন সম্পর্কে ধারণা লাভ করা যাবে।
BNG-H-CC-12-5 – সংস্কৃত, প্রতিবেশী হিন্দী ও পাশ্চ্যাত্যের ইংরেজি সাহিত্যের সঙ্গে বাংলা সাহিত্যের তুলনামূলক বিচারের বোধ জাগবে।

### * ষষ্ঠ সেমেস্টার -

BNG-H-CC-13-6 – ঔপনিবেশিক প্রভাবে বাংলা কাব্যকবিতায় নবযুগের পর্বকে অনুভব করা যাবে।
BNG-H-CC-14-6 – লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের সঙ্গে সম্যক পরিচয় ঘটবে।
BNG-H-CC-15-6 – কবিতা, নাটক, গল্প-উপন্যাস ও প্রবন্ধধর্মী রচনার যাবতীয় বৈচিত্রের সঙ্গে পরিচয় ঘটবে।

### * সপ্তম সেমেস্টার -

BNG-H-CC-16-7 – বাংলার সমাজ, সংস্কৃতি, অর্থনীতি, রাজনীতি, ধর্মীয় এবং সাংস্কৃতিক বিকাশের কথা জানা যাবে।
BNG-H-CC-17-7 – প্রাকচৈতন্য যুগ ও চৈতন্যোত্তর যুগের সাহিত্য সম্পর্কে জ্ঞান লাভ করা যাবে।
BNG-H-CC-18-7 – শ্রী চৈতন্য, রবীন্দ্রনাথ ঠাকুর, ও সৈয়দ মুজতবা আলীর চরিত ও আত্মজীবনী পাঠে বিচিত্র জীবন অভিজ্ঞতার সঙ্গে পরিচয় হবে।
BNG-H-SEC-1-7 – গবেষণা পত্র নির্মাণের পদ্ধতি বিজ্ঞান সম্পর্কে ধারণা পাওয়া যাবে।
BNG-H-CC-19-7 – দেশভাগের পর পূর্ববঙ্গ তথা বাংলাদেশের সাহিত্য পাঠের মাধ্যমে বাংলা সাহিত্যের সম্পূর্ণরূপ সম্পর্কে বোধ জন্মাবে।
BNG-H-CC-20-7 – উনিশ ও বিশ শতকে কবিতার পার্থক্য ও নাট্যসাহিত্যের একটি মেধাবী রূপের সঙ্গে পরিচয় ঘটবে।

***শিক্ষার্থী গবেষণা না করলে BNG-H-RESEARCH WORK-1-7 - সাহিত্য গবেষণার পদ্ধতি বিজ্ঞান বিশদে জানা যাবে।

*** অষ্টম সেমেস্টার –**

BNG-H-CC-21-8 - বাংলা ভাষার ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, ও বাক্যতত্ত্ব সম্পর্কে পরিচিতির মাধ্যমে ভাষাচর্চার আধুনিক প্রবণতাগুলি চিহ্নিত করা যাবে ।
BNG-H-CC-22-8 - ঔপনিবেশিক আধুনিকতার প্রভাবে বাংলা সমাজ ও সংস্কৃতিতে কী পরিবর্তন ঘটেছিলো তা জানা যাবে।
BNG-H-CC-23-8 – রবীন্দ্রনাথের উপন্যাস, নাটক, ও সাহিত্য প্রবন্ধ পাঠে রবীন্দ্রসাহিত্য সম্পর্কে পড়ুয়াদের সম্যক পরিচয় ঘটবে।
BNG-H-CC-24-8 – প্রাক ও উত্তর-স্বাধীনতা পর্বের বাংলা কথাসাহিত্য পাঠের মাধ্যমে আধুনিকতার প্রকৃত স্বরূপ অনুভব করা যাবে ।
BNG-H-CC-25-8 - দেশভাগের প্রভাব বাঙালি জাতির ইতিহাসে এক গভীর ছাপ ফেলেছিলো। সেই বিপর্যয় ও বিপন্নতার ইতিহাসেরই স্বাক্ষ্য দেবে এই পত্রের পাঠমালা।

***শিক্ষার্থী গবেষণা না করলে BNG-H-RESEARCH WORK -2-8 - গবেষণা পত্র নির্মাণের প্রকৌশল শেখা হবে।

# Programme Outcome

## সাম্মানিক বাংলা:

বাংলা সাহিত্যের এবং ভাষার জন্ম লগ্ন থেকে একেবারে সাম্প্রতিক কাল পর্যন্ত যাবতীয় আর্থসামাজিক ও রাজনৈতিক ঘটনার পরিপ্রেক্ষিতে সাহিত্যের গঠন ও বিষয় বস্তুর গতিরেখা পরিবর্তনের এক বহুমাত্রিক পরিচয় এই পাঠ্য সূচিতে ধরা আছে। এমনকি স্নাতক স্তরেই সাহিত্যের যেকোনো ধারায় গবেষণা করার সুযোগও নতুন ভাবে চালু করা হয়েছে। উচ্চ শিক্ষা এবং পেশা- দুদিক থেকেই এই পাঠক্রম অত্যন্ত উপযোগী। গ্রীষ্মকালীন ব্যাবহারিক শিক্ষা (**Summer Internship**) ছাত্র-ছাত্রীদের পছন্দসই পেশার জন্য আরো বেশি প্রস্তুত করে তুলবে।

একাডেমিক ক্রেডিট ব্যাঙ্ক এই পাঠ্যক্রমের এক অভিনব বৈশিষ্ট্য যা শিক্ষার্থীদের অনেকখানি উপকারে লাগবে। কোনো কারণে পড়াশুনায় ছেদ পড়লে সেটিকে পরবর্তী কালে আবার শুরু করে ডিগ্রি কোর্স সম্পূর্ণ করার সুযোগ এক্ষেত্রে রয়েছে। অসম্পূর্ণ শিক্ষা কোনো ভাবে যাতে পেশাগত ক্ষেত্রে উন্নতির পথে বাধা না হয় সেই জন্যই এই একাডেমিক ক্রেডিট ব্যাঙ্ক বিশেষ উপযোগী।

## মাইনর (অনার্স / মেজর কোর্সের জন্য):

প্রথম চারটি সেমিস্টারে বাংলা সাহিত্যের প্রাচীন, মধ্য ও আধুনিক যুগের ইতিহাস, বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের নিরিখে বাংলা ভাষার পরিচয় এবং কাব্য-কবিতা, কথাসাহিত্য ও নাটক পাঠের মধ্যে দিয়ে সংক্ষিপ্ত একটি ধারণা বাংলা সাহিত্য সম্পর্কে গড়ে ওঠা সম্ভব।

## এম ডি সি (তিন বছরের কোর্সের জন্য):

বাংলা ভাষা ও সাহিত্য ঐতিহাসিক বিবর্তনের পথে কোন পথে এগিয়েছে তার বিশদ জ্ঞান লাভের পাশাপাশি প্রাচীন যুগ থেকে আধুনিক যুগ পর্যন্ত কাব্য কবিতার বিশাল সম্ভার, গল্প-উপন্যাসের আধুনিক আখ্যানরূপ, গোয়েন্দা গল্প, কল্পবিজ্ঞান, এবং ভূতের গল্পের ব্যতিক্রমী আকর্ষণ ইত্যাদি নিয়েই এই পাঠ্যসূচি সজ্জিত। এম সঙ্গে প্রবন্ধ-সাহিত্য, ছন্দ এবং অলংকার সম্পর্কিত জ্ঞান লাভের মধ্য দিয়ে সাহিত্যের নির্মাণ কৌশল এবং যুক্তিনির্ভর উপস্থাপনরীতি সম্পর্কেও ধারণা করা সম্ভব ।

## আই ডি সি:

আধুনিক কথা সাহিত্য এবং নাট্য সাহিত্য নিয়ে যারা আগ্রহী , এমন কলা, বিজ্ঞান এবং বাণিজ্য শাখার শিক্ষার্থীরা এই পত্রের বিষয়গুলি পড়ে বাংলা সাহিত্যের রসাস্বাদন করতে পারবে।